মহেশপুর-চৌগাছা সড়কে নসিমনের চাপায় চালকের মৃত্যু

নসিমনের নিচে পড়ে বিশারত আলী (৫৫) নামের এক চালকের মৃত্যু হয়েছে। আজ শনিবার সকালে উপজেলার মহেশপুর-চৌগাছা সড়কের ফাসতলা নামক স্থানে এই ঘটনা ঘটে। বিশারত আলী চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের হরিশ্চন্দ্রপুর গ্রামের সিয়াম আলীর ছেলে।

জানা গেছে, বিশারত আলী বিছলি (ধানের খড়) কেনার জন্য চৌগাছায় যাচ্ছিলেন। ফাসতলা এলাকায় পৌছালে নিয়ন্ত্রণ হারিয়ে তার নসিমন রাস্তার পাশে উল্টে পড়ে। এ সময় নসিমনের নিচে তিনি চাপা পড়েন। স্থানীয়রা উদ্ধার করে চৌগাছা হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

বর্তমানে লাশ চৌগাছা উপজেলা সরকারি মডেল হাসপাতাল থেকে এনে তার নিজগ্রাম হরিশ্চন্দ্রপুর কবরস্থানে দাফন কাজ শেষ করা হয়েছে চৌগাছা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইকবাল বাহার ঘটনার সত্যতা নিশ্চিত করেন।

এই মৃত্যুর ঘটনায় এলাকার লোকজনের মাঝে শোকের ছায়া বিরাজ করছে। সচেতন মহল এই রূপ সড়ক দুর্ঘটনা প্রতিরোধে সড়ক বিভাগের উন্নয়ন মূলক পদক্ষেপ গ্রহণ করার জন্য দৃষ্টি আকর্ষণ করছে।